

ষষ্ঠ ভারত-অস্ট্রেলিয়া সামুদ্রিক নিরাপত্তা সংলাপ

অগাস্ট 13, 2024

ষষ্ঠ ভারত-অস্ট্রেলিয়া সামুদ্রিক নিরাপত্তা সংলাপ ১৩ অগাস্ট ২০২৪ তারিখে ক্যানবেরায় অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিরস্ত্রীকরণ ও আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক যুগ্মসচিব মিস মুয়ানপুই সাইওয়ি এবং অস্ট্রেলিয়ান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দক্ষিণ এশিয়া ও মধ্য এশিয়া বিভাগের প্রথম সহকারী সচিব মিস সারা স্টোরি এবং প্রতিরক্ষা বিভাগের আন্তর্জাতিক নীতি বিভাগের প্রথম সহকারী সচিব মি. বার্নার্ড ফিলিপা।

২. দুই পক্ষ একটি নিরাপদ ও সুরক্ষিত সামুদ্রিক পরিবেশ বজায় রাখার উপায় নিয়ে পর্যালোচনা করে, যা অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি এবং বৈশ্বিক মঙ্গলের জন্য সহায়ক ভূমিকা পালন করবে। তারা ইন্দো-প্যাসিফিক অঞ্চলের সামুদ্রিক নিরাপত্তা পরিবেশ, সামুদ্রিক ডোমেন সচেতনতা, মানবিক সহায়তা এবং দুর্যোগ ত্রাণ (Humanitarian Assistance and Disaster Relief -HADR) সমন্বয়, আঞ্চলিক ও বহুপাক্ষিক সম্পৃক্ততা এবং সামুদ্রিক সম্পদের টেকসই ব্যবহারের মতো পারস্পরিক আগ্রহের বিভিন্ন বিষয়ে পারস্পরিক মতামত বিনিময় করেন। এর মধ্যে অনুসন্ধান ও উদ্ধার (Search and Rescue-SAR), দূষণ প্রতিক্রিয়া, ক্ল ইকোনমি এবং পোর্ট স্টেট কন্ট্রোলে সহযোগিতার মতো বিষয়গুলিও অন্তর্ভুক্ত ছিল। এই এলাকায় দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার করার উপায় নিয়ে তারা আলোচনা করেন। তারা ইন্দো-প্যাসিফিক ওশান ইনিশিয়েটিভ (Indo-Pacific Ocean Initiative-IPOI)-এর সামুদ্রিক পরিবেশ স্তরে সহযোগিতার ভবিষ্যৎ পথ নিয়েও আলোচনা করেন।

৩. পরবর্তী সংলাপটি নয়াদিল্লিতে পারস্পরিক সুবিধাজনক তারিখে আয়োজন করার বিষয়ে উভয় পক্ষ সম্মতি প্রদান করেছে।

নতুন দিল্লি

অগাস্ট 13, 2024